

🗏 আল-ইনফিতার | Al-Infitar | ٱلْإِنْفِطَار

আয়াতঃ ৮২:৮

💵 আরবি মূল আয়াত:

فِي أَيِّ صُورَةٍ مَّا شَاءَ رَكَّبَكَ الْهِ

যে আকৃতিতে তিনি চেয়েছেন তোমাকে গঠন করেছেন। — আল-বায়ান
তিনি তোমাকে তাঁর ইচ্ছেমত আকৃতিতে গঠন করেছেন। — তাইসিরুল
যে আকৃতিতে চেয়েছেন, তিনি তোমাকে গঠন করেছেন। — মুজিবুর রহমান
In whatever form He willed has He assembled you. — Sahih International

৮. যে আকৃতিতে চেয়েছেন, তিনি তোমাকে গঠন করেছেন।(১)

(১) এখানে মানুষ সৃষ্টির প্রারম্ভিক পর্যায় প্রসঙ্গে বলা হয়েছে, আল্লাহ তোমাকে সৃষ্টি করেছেন, তদুপরি তোমার সমস্ত অঙ্গ প্রত্যঙ্গকে সুবিন্যস্ত করেছেন। এরপর বলা হয়েছে যে, আল্লাহ্ তা'আলা সব মানুষকে, যাকে যেরূপে ইচ্ছা সে আকার-আকৃতিতে সৃষ্টি করতে পারেন। তিনি কোটি কোটি মানুষের আকার আকৃতি এমনভাবে গঠন করেছেন যে, পরস্পরের মধ্যে স্বাতন্ত্র্য ও পার্থক্য সুস্পষ্টভাবে ধরা পড়ে। আর তা আল্লাহ তা'আলার এক বড় নিদর্শন। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

৮। যে আকৃতিতে চেয়েছেন তিনি তোমাকে গঠন করেছেন। [1]

[1] এর একটা অর্থ এই যে, আল্লাহ জ্রণকে যার মত ইচ্ছা তার রূপ ও আকারে সৃষ্টি করেন; তার চেহারা পিতা, মাতা, মামা অথবা চাচাদের মত করেন। দ্বিতীয় অর্থ হল যে, তিনি যার আকার ও আকৃতিতে চান, তার ছাঁচে ঢেলে দেন। এমনকি নিকৃষ্টরূপ জন্তুর আকৃতিতেও পয়দা করতে পারেন। কিন্তু তাঁর অনুগ্রহ, দয়া ও মেহেরবানী এই যে, তিনি তা করেন না; বরং তিনি সুন্দর অবয়ব দিয়ে মানুষকে সৃষ্টি করেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5837

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন